স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

অষ্টম পত্র (8th Paper : **Anubad, Bananbidhi, Sampadona, Anuchhed, Protibedan**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) বাংলা ভাষা ও সাহিত্যের অনুবাদ-চর্চার কারণ, সূচনা ও বিবর্তনের পরিচয় দিন। অনুবাদ চর্চায় অনুবাদ, ভাবানুবাদ ও রূপান্তর সম্পর্কে আলোচনা করুন।

(খ) বানান-প্রয়োগে বঙ্কিমচন্দ্র কতটা ঐতিহ্য-অনুসারী, কতটা ঐতিহ্য-বিরোধী এবং কতটা দ্বিধাগ্রস্ত, উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) সংবাদপত্র সম্পাদনায় সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিশদ আলোচনা করুন।

(ঘ) গণমাধ্যমের প্রতিবেদন রচনায় প্রতিবেদককে কোন্ কোন্ বিষয় জেনে প্রস্তুত হতে হয় — এ সম্পর্কে বিশদ আলোচনা করুন।

(ঙ) রবীন্দ্রনাথের লেখা পদ্য নাটক থেকে গদ্য নাটক এবং গদ্য নাটক থেকে পদ্য নাটকে রূপান্তর সম্পর্কে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থে সংকলিত কবিতার সংখ্যা, সংকলিত কবিতার সূত্র, অনুবাদ সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত ও অনুবাদের বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) 'সংবাদপত্র' ও 'সাময়িক পত্র' সম্পাদনার মূলনীতিগুলি উপযুক্ত ব্যাখ্যাসহ আলোচনা করুন।

(গ) 'চলিত গদ্য' রচনায় রবীন্দ্রনাথ ও প্রমথ চৌধুরীর 'সবুজপত্রের' অবদান অবিস্মরণীয়। — মন্তব্যটির সারবত্তা বিচার করুন।

(ঘ) অনুবাদের সমস্যা ও সমাধান সম্পর্কে আলোচনা করুন। প্রসঙ্গত অনুবাদ কীভাবে এক নতুন শিল্প হয়ে উঠতে পারে তা নিজের ভাষায় বলুন।

(ঙ) ''গণমাধ্যমের প্রতিবেদন রচনাও একটি শিল্প।'' — মন্তব্যটির তাৎপর্য আলোচনা করুন।

(চ) ধ্বনি, বর্ণ ও অক্ষরের পার্থক্য বুঝিয়ে দিন। বাংলা বর্ণমালা ও তাদের উচ্চারণের সমস্যা সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

(ছ) 'গ্রন্থপঞ্জি' ও 'উল্লেখ পঞ্জির' পার্থক্য বুঝিয়ে দিন। বাংলা বানানবিধি বিষয়ে একটি গ্রন্থপঞ্জি প্রস্তুত করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) 'কথ্য' ও 'লেখ্য' ভাষার পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(খ) 'মুদ্রণ শিল্পে' প্রুফ রিডিং-এর প্রয়োজনীয়তা আলোচনা করুন।

(গ) সংবাদপত্রে টাইপসজ্জার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) সংবাদপত্রের 'অঙ্গ' সজ্জার বিভিন্ন রূপ আছে। 'অঙ্গ সজ্জার' রূপগুলির পরিচয় দিন।

(ঙ) প্রতিবেদন রচনায় শিরোনাম ও উপশিরোনামের প্রয়োজনীয়তা বুঝিয়ে দিন।

(চ) 'রিপোর্ট' ও 'রিপোর্টাজে'র মধ্যে পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(ছ) একজন ভাল প্রতিবেদকের বিশেষত্ব কী ?